

রয়েল বেঙ্গল এয়ারলাইন টিমের বাংলাদেশ সফর আমরা আপনাদেরকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দিচ্ছি

-পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ডঃ ইফতেখার আহমেদ

ঢাকা ডেস্ক, ১০ মার্চ : বাংলাদেশ সরকারের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ডঃ ইফতেখার আহমেদ চৌধুরী গত ৬ ই মার্চ রয়েল বেঙ্গল এয়ারলাইন টিমকে রাজধানী ঢাকায় অনুষ্ঠিত এক পর্যালোচনা সভায় হৃদয় উজাড় করে সুস্বাগতম জানান। গ্রেটার সিলেট ডেভেলপমেন্ট এন্ড ওয়েলফেয়ার কাউন্সিল ইউ'কে-এর চেয়ারপারসন জনাব মনছব আলী জেপি'র নেতৃত্বে রয়েল বেঙ্গল এয়ারলাইনের একটি ডেলিগেট টিম সম্প্রতি বাংলাদেশ সফর করছেন। সফরসঙ্গী হিসাবে অন্যান্যের মধ্যে রয়েছেন আরবিএ'র ম্যানেজিং ডাইরেক্টর জনাব মোহাম্মদ সেলিম রহমান, সিনিয়র ডাইরেক্টর সর্বজনাব শহীদুল ইসলাম, মিজানুর রহমান ও ফরহাদ হোসেইন। সফরকালে তাঁরা বাংলাদেশ সরকারের উর্ধতন কর্মকর্তাদের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি নিয়ে মতবিনিময় করবেন। তাঁরা ক্রমান্বয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রেসিডেন্ট প্রফেসর ডঃ ইয়াজ উদ্দিন আহমেদ, তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ডঃ ফখরুদ্দীন আহমেদ সহ পররাষ্ট্র ও কমনওয়েলথ মন্ত্রণালয়ের উপদেষ্টা, ও প্রধান নির্বাচন কমিশনারের সাথে পৃথক পৃথক সাক্ষাতে মিলিত হবেন।

উচ্চপর্যায়ের কর্মকর্তাদের সাথে রয়েল বেঙ্গল এয়ারলাইন টিমের আলোচনার মধ্যে রয়েছে বৃটেনে বাংলাদেশী অভিবাসীসহ সারাবিশ্বের বাঙ্গালী অভিবাসী ও প্রবাসীদের সাথে বাংলাদেশ বিমানের বিমাতাসূলভ আচরণ, বাংলাদেশের বিমান বন্দরগুলোতে অহেতুক হয়রানী, প্রবাসীদের ভূসম্পদ জবরদখল, প্রবাসীদের আভ্যন্তরীণ বিনিয়োগ, তাদের জীবনের নিরাপত্তা বিধান এবং ব্যংকিং, শিক্ষা ও স্বাস্থ্যখাতসহ বেসরকারী সকল উন্নয়নে প্রবাসীদের অংশগ্রহণ সুনিশ্চিত করতে তাদের ভোটাধিকার প্রদান করার মতো গুরুত্বপূর্ণ বিষয়াদি।

বাংলাদেশ সরকারের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ডঃ ইফতেখার আহমেদ চৌধুরী বলেন, "রয়েল বেঙ্গল এয়ারলাইনকে বাংলাদেশ সরকার স্বাগতম জানাচ্ছে এবং তাদের সকল উন্নয়নশীল কার্যক্রমে গতিশীলতা আনতে যথাসম্ভব পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করছে"। তিনি বৃটিশ বাংলাদেশীদের তৃতীয় ও চতুর্থ প্রজন্মকে এমন একটি মহতী উদ্যোগ গ্রহণের জন্য অভিনন্দন জ্ঞাপন করেন।

আরবিএ'র ম্যানেজিং ডাইরেক্টর জনাব মোহাম্মদ সেলিম রহমান বলেন, "লন্ডন এবং বাংলাদেশে আমাদের তরুণ প্রজন্ম কঠিন কাজ সম্পাদন করে যে উদ্যম দেখিয়ে যাচ্ছেন তাতে আমি গর্ববোধ করি, আমাদের রয়েছে তারুণ্য ও অভিজ্ঞতার চমৎকার সমন্বয়"। তিনি পররাষ্ট্র উপদেষ্টাকে সময় দেবার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, রয়েল বেঙ্গল এয়ারলাইন নিজ দেশ বাংলাদেশে ব্যাপক কর্মসংস্থানের সূযোগ সৃষ্টি করে দেবে এবং আমরা অচিরেই একটি অত্যাধুনিক ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠার মাধ্যমে পাইলট, ইঞ্জিনিয়ার ও কেবিন ক্রুদের উন্নতমানের প্রশিক্ষণ প্রদান করবো।

ডেলিগেট টিম এর আগে গত ৫ই মার্চ বাংলাদেশে নিযুক্ত বৃটিশ ডেপুটি হাই কমিশনার (ভারপ্রাপ্ত হাইকমিশনার) স্টীফেন ব্রীজের সাথেও সাক্ষাত করেন। স্টীফেন ব্রীজ রয়েল বেঙ্গল এয়ারলাইনকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়ে বলেন তিনি এবং বাংলাদেশ সরকার আভ্যন্তরীণ বিনিয়োগের এই কর্মসূচীর সফল বাস্তবায়নে যথাসাধ্য সাহায্য সহযোগিতা প্রদান করে যাবেন।

বিজ্ঞপ্তি